

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৯, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৯ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৬ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৯ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ৫৮/২০২৬

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার বিল আইন, ২০১০ এর সংশোধনকল্পে আনীত
বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
আইন, ২০১০ (২০১০ সনের ৭ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
নভোথিয়েটার (সংশোধন) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১০ সনের ৭ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম এর সংশোধন।—বঙ্গবন্ধু শেখ
মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০ (২০১০ সনের ৭ নং আইন), অতঃপর উক্ত আইন
বলিয়া উল্লিখিত, এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমান” শব্দগুলি বিলুপ্ত হইবে।

(১৪৯২৯)

মূল্য : টাকা ৪.০০

৩। ২০১০ সনের ৭ নং আইনের ধারা ১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১ এর উপ ধারা (১) এ উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ২০১০ সনের ৭ নং আইনের ধারা ২ এর সংশোধন। উক্ত আইনের ধারা ২ এর দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) “নভোথিয়েটার” অর্থ এই আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত নভোথিয়েটার;”।

৫। ২০১০ সনের ৭ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপ ধারা (১) এ উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। বিশেষ বিধান।—এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, প্রবিধান বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৭। রহিতকরণ ও হেফাজত।—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১০ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীনকৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই আইনের অধীনকৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

উদ্দেশ্য দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীদের বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে ১৩ মার্চ ১৯৯৭ তারিখে ‘ঢাকা আধুনিক নভোথিয়েটার’ স্থাপন করা হয়। পরবর্তীতে ১০ জুলাই ২০০১ তারিখে ‘ঢাকা আধুনিক নভোথিয়েটার’ এর নাম পরিবর্তন করে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার’ নামকরণ করা হয়। ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার’ আইনটি ব্যক্তির নাম হওয়ায় তা সার্বজনীন করার লক্ষ্যে ব্যক্তির নাম উপাধি বিলুপ্ত করার জন্য অধ্যাদেশটি প্রণীত হয়।

কারণ: ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন ২০১০’ সংশোধন করে ২০ মার্চ ২০২৫ তারিখে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার’ (সংশোধন অধ্যাদেশ জারি করা হয়। অধ্যাদেশটি আইনে রূপান্তরের লক্ষ্যে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন ২০১০’ সংশোধন করা আবশ্যিক।

ফকির মাহবুব আনাম
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।